গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার সড়ক
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬-৭৮ তারিখঃ ৫ /০১/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) এর আওতায় বন্যাপ্রবণ এলাকায় দুঃস্থ/অসহায় পরিবারের বসতভিটা উচুকরণ বিষয়ে পরিবারের অগ্রাধিকার তালিকা প্রেরণ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০১৮.১২-৬০৯, তারিখ: ২৯/১২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীতে বন্যাকবলিত ১৯টি জেলায় (সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সুনামগঞ্জ, জামালপুর, ফরিদপুর, রাজবাড়ী, টাংগাইল, মাদারীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সীগঞ্জ, চাঁদপুর ও রাজশাহী) ৩ ক্যাটাগরী [(i) দুঃস্থ/অসহায় পরিবারে কর্মক্ষম ব্যক্তি নেই, (ii) পরিবার প্রধান প্রতিবন্ধী/মহিলা/ষাটোর্ধ বয়সি, (iii) নিজস্ব অর্থায়নে বসতভিটা উচুকরণ সামর্থ্য নেই]। বন্যা ঝুঁকি হ্রাসের জন্য বর্ণিত ৩টি ক্যাটাগরীতে অগ্রাধিকার দিয়ে বন্যা কবলিত তাঁর জেলাধীন উপজেলায় বসবাসরত কতটি পরিবারের বসতভিটা উচুকরণ করা হবে তার একটি তালিকা আগামী ২৫/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ মন্ত্রণালয়ের পত্রটির ছায়ালিপি।

(শায়লা ইয়াসমিন)
(উপ সচিব)
উপ পরিচালক (কাবিখা-৩)

জেলা প্রশাসক,
জেলা ----------------------।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------------।
৩। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ----------------------------------।
৫। উপজেল প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ------------------------------।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
পত্র প্রেরণ ও গ্রহণ শাখা
ডায়েরী নং ৮০৩
তারিখ ০৫/০১/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০১৮.১২-৬০৯ তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০১৬
১৫ পৌষ, ১৪২৩

বিষয়ঃ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর আওতায় বন্যাপ্রবণ এলাকায় দুঃস্থ/অসহায় পরিবারের বসতভিটা উঁচুকরণ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০১৮.১২-৫২৯ তারিখঃ ১৪/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে এ মন্ত্রণালয় হতে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচিতে বন্যা কবলিত ১৯টি জেলায় (সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সুনামগঞ্জ, জামালপুর, ফরিদপুর, রাজবাড়ী, টাঙ্গাইল, মাদারীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, চাঁদপুর, রাজশাহী) ৩টি ক্যাটাগরী (i) দুঃস্থ/অসহায় পরিবারে কর্মক্ষম ব্যক্তি নেই; (ii) পরিবার প্রধান প্রতিবন্ধী/মহিলা/ষাটোর্ধ বয়সী; (iii) নিজস্ব অর্থায়নে বসতভিটা উঁচু করার সামর্থ্য নেই, বন্যা ঝুঁকি হ্রাসের জন্য সে সব পরিবারের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে তাদের বসতভিটা উঁচু করণ; করার লক্ষ্যে পর্যায়ক্রমে সামাজিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত অন্তর্ভূক্তি করার লক্ষ্যে একটি পরিপত্র জারী করা হয়েছে। উল্লিখিত ৩টি ক্যাটাগরীকে প্রাধান্য দিয়ে বন্যা কবলিত ১৯টি জেলার ক্ষতিগ্রস্ত পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু এখন পর্যন্ত কোন তালিকা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, ৩টি ক্যাটাগরীকে অগ্রাধিকার দিয়ে বন্যা কবলিত ১৯টি জেলায় উল্লিখিত ক্যাটাগরীর আওতায় কতটি পরিবারে বসতভিটা উঁচুকরণ করা হবে তার একটি তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহা-পরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
ডাইরি নং ৪২০৮ ৩০/০১/১৭
পরিচালক (প্রশাসন) | দ্রুত ব্যবস্থা নিন
পরিচালক (পরিকল্পনা) | উপস্থাপন করুন

(মোঃ শাহজাহিন)
সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
asra@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রকল্প পরিচালক, SMoDMRPA প্রকল্প, ভেঙ্কার টাওয়ার, ৪র্থ তলা, প্লট-৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।